



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড(কাঠগোলা বাজার), ময়মনসিংহ।
ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd



স্মারক নং-ময়শিবো/পনি/উমা/০৯/০৪/১৯/৪৪২

তারিখ : ২২/১১/২০২১ খ্রি.

বিষয়ঃ ২০২১ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষায় শ্রুতিলেখক নিয়োগ এবং বিশেষ চাহিদা সম্পন্ন পরীক্ষার্থীদের পরীক্ষার সময় বৃদ্ধিকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশেষ চাহিদা সম্পন্ন (সেরিব্রাল পালসি, অটিস্টিক, মুকবধির) অথবা দৃষ্টি প্রতিবন্ধী, যাদের হাত নেই এ ধরনের পরীক্ষার্থী রয়েছে সে সকল প্রতিষ্ঠান প্রধানকে নিম্নলিখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে আগামী ২৯/১১/২১খ্রি: তারিখের মধ্যে আবেদনপত্র পরীক্ষা শাখায় হাতে হাতে জমা দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি(শ্রুতিলেখক নিয়োগের ক্ষেত্রে)ঃ

- ১। অভিভাবক কর্তৃক পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদনপত্র (মোবাইল নম্বর সহ)।
- ২। প্রতিষ্ঠান প্রধানের অগ্রায়ণপত্র (মোবাইল নম্বর সহ)।
- ৩। শ্রুতিলেখক নিয়োগের ক্ষেত্রে এ সংক্রান্ত পূরণকৃত ফরম (নিচে সংযুক্ত)।
- ৪। বিশেষ চাহিদা সম্পন্ন পরীক্ষার্থীর সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত মূল সার্টিফিকেটের সত্যায়িত কপি/ সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট।
- ৫। শ্রুতিলেখকের (শ্রুতিলেখক দশম শ্রেণীর শিক্ষার্থী এই মর্মে) প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।
- ৬। শ্রুতিলেখকের অভিভাবকের সম্মতিপত্র।
- ৭। বিশেষ চাহিদা সম্পন্ন / দৃষ্টি প্রতিবন্ধী, যাদের হাত নেই এ ধরনের পরীক্ষার্থীর এইচএসসি পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি।

সংযুক্তি(বিশেষ চাহিদা সম্পন্ন পরীক্ষার্থীর ক্ষেত্রে)ঃ

- ১। অভিভাবক কর্তৃক পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদনপত্র (মোবাইল নম্বর সহ)।
- ২। প্রতিষ্ঠান প্রধানের অগ্রায়ণপত্র (মোবাইল নম্বর সহ)।
- ৩। বিশেষ চাহিদা সম্পন্ন পরীক্ষার্থীর সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত মূল সার্টিফিকেটের সত্যায়িত কপি/ সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট।
- ৪। বিশেষ চাহিদা সম্পন্ন পরীক্ষার্থীর এইচএসসি পরীক্ষার প্রবেশ পত্রের ফটোকপি।

প্রাপক
প্রতিষ্ঠান প্রধান
অত্র বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক
পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।

(মো: সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

ফোন : ০৯১-৫৩৩৩৫

Email : conbisemym@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

- ১। উপপরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকশিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, অত্র বোর্ডের আওতাধীন সকল উচ্চমাধ্যমিক পরীক্ষা কেন্দ্র/২০২১;
- ৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ৫। অফিস কপি।



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকশিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড(কাঠগোলাবাজার), ময়মনসিংহ।
ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭,
E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd



বিশেষ চাহিদা সম্পন্ন পরীক্ষার্থীর ছবি ২ কপি	শ্রুতিলেখকের ছবি ২ কপি
--	---------------------------

প্রেরক: পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ময়মনসিংহ।

প্রাপক: অধ্যক্ষ

.....
.....

বিষয়: শ্রুতিলেখক নিয়োগ সংক্রান্ত।

উর্পযুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে,.....সালে অনুষ্ঠিতব্য পরীক্ষায় নিম্নে বর্ণিত বিশেষ চাহিদা সম্পন্ন অথবা দৃষ্টি প্রতিবন্ধী, যাদের হাত নেই এ ধরনের পরীক্ষার্থীর নামের পার্শ্বে উল্লিখিত শিক্ষার্থীকে তাঁর শ্রুতিলেখক হিসাবে নিয়োগ করা হলো।

বিশেষ চাহিদা সম্পন্ন/দৃষ্টি প্রতিবন্ধী, যাদের হাত নেই এ ধরনের পরীক্ষার্থীর তথ্য	শ্রুতিলেখক শিক্ষার্থীর তথ্য
নামঃ.....	নাম :
পিতার নামঃ.....	পিতার নামঃ.....
রোল নং :.....	রোল নংঃ
রেজি নংঃ.....	রেজি নংঃ.....
শ্রেণিঃ	শ্রেণিঃ ১০ম শ্রেণী।
কলেজের নামঃ	বিদ্যালয়ের নামঃ

বিঃদ্র: (কোন প্রকার ভুল/ অসত্য তথ্য প্রদান করলে পরীক্ষার যে কোন পর্যায়ে এতদসংক্রান্ত সুবিধা প্রত্যাহার করার অধিকার বোর্ড সংরক্ষণ করে)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। ভারপ্রাপ্ত কর্মকর্তা,.....।
- ২। বিশেষ চাহিদা সম্পন্ন/দৃষ্টি প্রতিবন্ধী, যাদের হাত নেই এ ধরনের পরীক্ষার্থীর অভিভাবকের নাম,.....
- ৩। শ্রুতিলেখকের নাম,....., পিতা:.....

পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ময়মনসিংহ।

সংযুক্তিঃ

- ১। অভিভাবক কর্তৃক পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদনপত্র (মোবাইল নম্বর সহ)।
- ২। প্রতিষ্ঠান প্রধানের অগ্রায়ণপত্র (মোবাইল নম্বর সহ)।
- ৩। শ্রুতিলেখক নিয়োগ সংক্রান্ত পূরণকৃত ফরম (উপরে সংযুক্ত)।
- ৪। বিশেষ চাহিদা সম্পন্ন পরীক্ষার্থীর সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত মূল সার্টিফিকেটের সত্যায়িত কপি/সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট।
- ৫। শ্রুতিলেখকের (শ্রুতিলেখক দশম শ্রেণীর শিক্ষার্থী এই মর্মে) প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যায়নপত্র।
- ৬। শ্রুতিলেখকের অভিভাবকের সম্মতিপত্র।
- ৭। বিশেষ চাহিদা সম্পন্ন / দৃষ্টি প্রতিবন্ধী, যাদের হাত নেই এ ধরনের পরীক্ষার্থীর এইচএসসি পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি।

